22 MAY 2016

তারিখ ... ~~23 MAY 2016~~ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...

সংবাদ

দিনাজপুর, যশোর ও ময়মনসিংহে মানববন্ধন

# শিক্ষক লাঞ্ছনাকারী সেলিম ওসমানকে সংসদ থেকে বহিষ্কার দাবি

জেলা বার্তা পরিবেশক, দিনাজপুর

নারায়ণগঞ্জের শিক্ষক লাঞ্ছনার প্রতিবাদে মানববন্ধন কর্মসূচিতে সংসদ সদস্য সেলিম ওসমানকে সংসদ থেকে বহিষ্কার, গ্রেফতার ও বিচারের দাবি করেছেন দিনাজপুরের শিক্ষক সমাজ।

শনিবার প্রেসক্লাব সম্মুখ সড়কে বাংলাদেশ শিক্ষক সমিতি দিনাজপুর জেলা শাখার উদ্যোগে মানববন্ধন কর্মসূচিতে বক্তারা বলেন, নারায়ণগঞ্জের শিক্ষক শ্যামল কান্তি ভক্তের বিরুদ্ধে আনিত অভিযোগ প্রমাণিত না হওয়ায় প্রধান শিক্ষক পদে পুনর্বহাল এবং স্কুল ব্যবস্থাপনা কমিটি বাতিল হওয়ায় প্রমাণিত হয়েছে শ্যামল কান্তি ভক্তের বিরুদ্ধে আনা অভিযোগ ছিল মনগড়া। দিনাজপুরের শিক্ষক সমাজ সাংসদ সেলিম ওসমানের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করছে।

বাংলাদেশ শিক্ষক সমিতি দিনাজপুর জেলা শাখার সভাপতি আহসানুল হক মুকুলের সভাপতিত্বে মানববন্ধন কর্মসূচিতে বক্তব্য রাখেন বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আহ্বায়ক বদিউজ্জামান বাদল, কেবিএম কলেজের অধ্যক্ষ অধ্যাপক মো. সাইফুদ্দিন আখতার, সরকারি কলেজের সহযোগী অধ্যাপক জলিল আহমেদ, কলেজিয়েট স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ হাবিবুল ইসলাম বাবুল, বাংলাদেশ শিক্ষক সমিতি জেলা শাখার সাধারণ সম্পাদক ও পাঁচকুড় উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মতলুবুল মামুন, স্বারদেশ্বরী বালিকা উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক মো. শফিকুল ইসলাম, দিনাজপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. নেজামুল ইসলাম, জুবিলি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বুনু বিশ্বাস, শংকরপুর এম. দ্বিমুখী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জয়নাল আবেদিন, জেলা সরকারি মাধ্যমিক সহকারী শিক্ষক সমিতির

শিক্ষক : পৃষ্ঠা : ১৫ ক-৪

## শিক্ষক : লাঞ্ছনাকারী

(১ম পৃষ্ঠার পর)

সভাপতি রাজিউদ্দীন চৌধুরী, কাশিপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক লোকমান হাকিম প্রমুখ।

যশোর অফিস জানায়, নারায়ণগঞ্জের পিয়ার সাত্তার লতিফ উচ্চ বিদ্যালয়ের শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে নির্যাতনকারীদের শাস্তির দাবিতে মানববন্ধন করেছে যশোর প্রধান শিক্ষক পরিষদ ও শিক্ষক সমিতি। সংহতি প্রকাশ করে মানববন্ধনে অংশ নেন বিভিন্ন সংগঠনের নেতারা।

বৃষ্টির মধ্যে শনিবার বেলা সাড়ে ১১টার দিকে প্রেসক্লাব যশোরের সামনে ঘণ্টাব্যাপী মানববন্ধন অনুষ্ঠিত হয়। এতে বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের শতাধিক শিক্ষক অংশ নেন। শিক্ষক লাঞ্ছিতকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করে মানববন্ধনে বক্তারা বলেন, এমপি সেলিম ওসমান শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে কান ধরিয়ে দেশের সব শিক্ষককে লাঞ্ছিত করেছেন। ন্যক্কারজনক এ ঘটনার সঙ্গে জড়িতদের শাস্তি না হলে ভবিষ্যতে শিক্ষকদের লাঞ্ছিত করতে উৎসাহিত হবে এমন হীন মানসিকতার লোকজন।

জেলা বার্তা পরিবেশক, ময়মনসিংহ, শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে জনসম্মুখে লাঞ্ছিত করার প্রতিবাদে এবং এ ঘটনার সঙ্গে প্রত্যক্ষভাবে জড়িত সংসদ সদস্য সেলিম ওসমানকে অবিলম্বে সংসদ থেকে ও জাতীয় পার্টি থেকে বহিষ্কারের দাবি জানিয়ে ময়মনসিংহে মানববন্ধন করেছে ময়মনসিংহ নাগরিক আন্দোলন ও উন্নয়ন সংগ্রাম পরিষদ। দোষীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিও জানিয়েছেন তারা।

গতকাল শহরের ফিরোজ-জাহাঙ্গীর চত্বরে সকাল ১১টা থেকে ঘণ্টাব্যাপী এই কর্মসূচি পালিত হয়। কর্মসূচিতে বক্তারা বলেন, একটি মহল এই ঘটনাকে পুঁজি করে ধর্মের নামে শত শত মানুষকে উসকে দিয়ে সাম্প্রদায়িক সমস্যা সৃষ্টির পাঁয়তারা করছে। তাই বক্তারা সরকারের কাছে দাবি জানিয়েছেন, অবিলম্বে তাদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি দেয়া হউক। বক্তারা নারায়নগঞ্জে স্কুল শিক্ষক শ্যামল কান্তি ভক্তের সার্বিক নিরাপত্তা প্রদানেরও দাবি জানান। এছাড়াও বক্তারা জাতীয় পার্টির প্রধান এরশাদের কাছে জাতীয় পার্টি থেকে সেলিম ওসমানকে বহিষ্কারের আহ্বান জানিয়েছেন। সমাবেশে বক্তব্য রাখেন ময়মনসিংহ নাগরিক আন্দোলন ও উন্নয়ন সংগ্রাম পরিষদের সভাপতি এডভোকেট আনিসুর রহমান খান, সাধারণ সম্পাদক নুরুল আমিন কালাম, সিপিবি ময়মনসিংহ সংসদসের সাধারণ সম্পাদক এডভোকিট এমদাদুল হক মিল্লাত, আওয়ামী লীগ নেতা এহতেশামুল আলম,মোয়াজ্জেম হোসেন বাবুল, জাসদ নেতা এডভোকেট নজরুল ইসলাম চুন্নু, এডভোকেট শিব্বির আহমেদ লিটনসহ নাগরিক আন্দোলনের অন্যান্য নেতৃবৃন্দ।